Visit: sohagschool.com

# সাহিত্য পড়ি সাহিত্য লিখি

## ১ম পরিচ্ছেদঃ কবিতা

### পল্লী মা কবিতার মূলভাব

‘পল্লি-মা’ কবিতায় কবি গ্রামীণ জীবনের নানা দিক তুলে ধরেছেন এবং সেখানকার মানুষের জয়গান গেয়েছেন। জীবনের প্রয়োজনে কবিকে গ্রাম থেকে শহরে যেতে হয়। তার এই যাওয়া মোটেই আনন্দের নয়। এই কারণে বিদায় বেলায় তিনি অশ্রুসিও। কবির পল্লি-মা স্নেহময়ী রূপ নিয়ে তার দিকে তাকিয়ে থাকে। গ্রামের অপরূপ প্রকৃতিকে কবি চমৎকারভাবে তুলে ধরেছেন এই কবিতায়। যেখানে মাঠে মাঠে গোরু চরে, গাছে গাছে পাখিরা গান গায়, গোরু-মহিষের পিঠে শালিক পাখি, সবুজ ধানে ছাওয়া মাঠ প্রভৃতি বিষয় কবি তুলে ধরেছেন। তিনি গ্রামের চাষিদের কাজকর্মের কথা বলেছেন। তারা কাস্তে হাতে মাঠে কাজ করতে যায়। রোদে কাজ করে তারা ক্লান্ত হয়ে গাছের স্নিগ্ধ ছায়ায় বিশ্রাম নেয়। কবি মনে করেন, তারাই পল্লি-মায়ের সত্যিকারের সন্তান, দেশের ভালোবাসা। কারণ তারা গ্রামেই শান্তি-সুখে বসবাস করে, কোনো মোহে জড়ায় না। কবি মনে করেন, গ্রামের কুঁড়েঘরগুলোতে চিরসুখ বিরাজ করে, যা শহরের অট্টালিকায় পাওয়া যাবে না। পল্লির একজন সন্তান হিসেবে তিনি জানেন এই পল্লিপ্রাণে গভীর তৃপ্তি লুকিয়ে আছে। মাতৃভূমির গোপন বিত্ত গ্রামের এই সহজ-সরল মানুষজন খুঁজে পেয়েছে, যার ফলে শহরের মানুষের মতো তারা মোহের পিছনে ছোটে না। এই বিষয়গুলোই কবি ‘পল্লি-মা’ কবিতায় তুলে ধরেছেন।

### পল্লী মা কবিতার মূলভাব, সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর

**১। ‘পল্লি-মা’ কবিতায় ট্রেন কোথা দিয়ে ছুটে চলে?**

উত্তর: ‘পল্লি-মা’ কবিতায় ট্রেন গ্রামের মুক্ত মাঠ দিয়ে ছুটে চলে।

**২। 'পল্লি-মা' কবিতায় বিয়োগ-ব্যথায় কার চোখে অশ্রু আসে?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় বিয়োগ-ব্যথায় কবির চোখে অশ্রু আসে।

**৩। 'পল্লি-মা' কবিতায় মা কী দেখে আনন্দিত?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় মা সন্তানের পুলক দেখে আনন্দিত।

**৪। 'পল্লি-মা' কবিতায় কে মায়ের আপন ছেলে?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় গ্রামের কৃষকেরা মায়ের আপন ছেলে।

**৫। 'পল্লি-মা' কবিতায় কোথায় গরু চরে?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় মাঠে গরু চরে।

**৬। 'পল্লি-মা' কবিতায় কবি কার গানে বনের বুকে কম্পন জাগার কথা বলেছেন?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় কবি পাখির গানে বনের বুকে কম্পন জাগার কথা বলেছেন।

**৭। 'পল্লি-মা' কবিতায় কে গোরু চরায়?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় রাখাল ছেলে গোরু চরায়।

**৮। 'পল্লি-মা' কবিতায় কে অশথ-মূলে বাঁশি বাজায়?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় রাখাল ছেলে অশথ-মূলে বাঁশি বাজায়।

**৯। 'পল্লি-মা' কবিতায় দুপুরবেলার রৌদ্র-তাপে কারা ক্লান্ত হয়?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় কৃষক দুপুরবেলার রৌদ্র-তাপে ক্লান্ত হয়।

**১০। 'পল্লি-মা' কবিতার কবির মতে কে স্নিগ্ধ-শীতল আঁচল-হাওয়া দেয়?**

উত্তর: 'পল্লি-মা' কবিতার কবির মতে পল্লি প্রকৃতি-মা স্নিগ্ধ-শীতল আঁচল-হাওয়া দেয়।

**১১। 'পল্লি-মা' কবিতায় কৃষক কোন জলে তৃষ্ণা মেটাল?**

উত্তর: 'পল্লি-মা' কবিতায় কৃষক কালো দিঘির জলে তৃষ্ণা মেটাল।

**১২। ‘পল্লি-মা’ কবিতায় কবি কোথায় সুখ নেই বলে উল্লেখ করেছে?**

উত্তর: ‘পল্লি-মা’ কবিতায় কবি অট্টালিকায় কিংবা রাজার ঘরে সুখ নেই বলে উল্লেখ করেছেন।

**১৩। ‘পল্লি-মা’ কবিতায় কবি কোথায় গভীর তৃপ্তি লুকিয়ে থাকার কথা বলেছেন?**

উত্তর: ‘পল্লি-মা’ কবিতায় কবি পল্লি-প্রকৃতিতে গভীর তৃপ্তি লুকিয়ে থাকার কথা বলেছেন।

**১৪। গোলাম মোস্তফা কত সালে জন্মগ্রহণ করেন?**

উত্তর: গোলাম মোস্তফা ১৮৯৭ সালে জন্মগ্রহণ করেন।

**১৫। গোলাম মোস্তফা কত সালে মৃত্যুবরণ করেন?**

উত্তর: গোলাম মোস্তফা ১৯৬৪ সালে মৃত্যুবরণ করেন।

**১৬। ‘বনি আদম’ কার লেখা বিখ্যাত গ্রন্থ?**

উত্তর: ‘বনি আদম’ গোলাম মোস্তফার লেখা বিখ্যাত গ্রন্থ।

**১৭। রক্তরাগ, হাস্নাহেনা, বিশ্বনবী — গ্রন্থগুলো কার লেখা?**

উত্তর: রক্তরাগ, হাস্নাহেনা, বিশ্বনবী গ্রন্থগুলো কবি গোলাম মোস্তফার লেখা।

**১৮। ‘পল্লি-মা’ কবিতাটির কবির নাম কী?**

উত্তর: ‘পল্লি-মা’ কবিতাটির কবির নাম গোলাম মোস্তফা।

**১৯। পল্লি-মায়ের বুক ছেড়ে কবি কোথায় যাচ্ছে?**

উত্তর: পল্লি-মায়ের বুক ছেড়ে কবি শহরে প্রবাসে যাচ্ছে।

**২০। ‘পল্লি-মা’ বলতে কবি কাকে বুঝিয়েছেন?**

উত্তর: ‘পল্লি-মা’ বলতে কবি গ্রামের প্রকৃতিকে বুঝিয়েছেন।

**পল্লী মা কবিতার বহুনির্বাচনি প্রশ্ন**

**১. গোলাম মোস্তফার জন্ম কত সালে?**

(ক) ১৯৯৭

(খ) ১৮৯৭

(গ) ১৯৬৪

(ঘ) ১৮৬৪

উত্তর: (খ) ১৮৯৭

**২. গোলাম মোস্তফার মৃত্যু কত সালে?**

(ক) ১৯৬৪

(খ) ২০০৩

(গ) ১৯৫০

(ঘ) ১৯৫৭

উত্তর: (ক) ১৯৬৪

**৩. নিচের কোনটি গোলাম মোস্তফার রচিত বই নয়?**

(ক) খোশরোজ

(খ) রক্তকরবী

(গ) বিশ্বনবি

(ঘ) বনি আদম

উত্তর: (খ) রক্তকরবী

**৪. ‘পল্লি-মা’ কবিতাটি কার রচিত?**

(ক) কাজী নজরুল ইসলাম

(খ) জমিসউদ্দীন

(গ) গোলাম মোস্তফা

(ঘ) ফররুখ আহমদ

উত্তর: (গ) গোলাম মোস্তফা

**৫. ‘পল্লি-মা’ কবিতার কথক পরিমায়ের বুক ছেড়ে কোথায় যাচ্ছে?**

(ক) প্রবাস পথে

(খ) লড়াই পথে

(গ) শহর পথে

(ঘ) যুদ্ধ পথে

উত্তর: (ক) প্রবাস পথে

**৬. ‘পল্লি-মা’ কবিতার মাঠে লেজ দুলিয়ে কী চরে?**

(ক) গোরু

(খ) ছাগল

(গ) ঘোড়া

(ঘ) হাতি

উত্তর: (ক) গোরু

**৭. ‘পল্লি-মা’ কবিতার কথক কোন বাহনের মাধ্যমে যাত্রা করছে?**

(ক) বাস

(খ) রিকশা

(গ) ট্রেন

(ঘ) বাষ্প-রথ

উত্তর: (ঘ) বাষ্প-রথ

**৮. ‘পল্লি-মা’ কবিতায় কথকের উদাস হৃদয় কোথায় তাকিয়ে থাকে?**

(ক) মায়ের সোনালি মুখের পানে

(খ) মায়ের শ্যামল মুখের পানে

(গ) মুক্ত মাঠের পথে

(ঘ) সবুজ গ্রামের পথে

উত্তর: (খ) মায়ের শ্যামল মুখের পানে

**৯. ‘পল্লি-মা’ কবিতায় বিদায়বেলার বিয়োগ-ব্যথা কী আনে?**

(ক) দুঃখ আনে

(খ) বিষাদ আনে

(গ) কষ্ট আনে

(ঘ) অশ্রু আনে

উত্তর: (ঘ) অশ্রু আনে

**১০. ‘পল্লি-মা’ কবিতায় পল্লি মা কোন রূপ ধরে দাঁড়িয়ে আছে?**

(ক) বিষাদময়ী রূপ ধরে

(খ) ভালোবাসার রূপ ধরে

(গ) স্নেহময়ী রূপ ধরে

(ঘ) কান্নার রূপ ধরে

উত্তর: (গ) স্নেহময়ী রূপ ধরে

**১১. ‘পল্লি-মা’ কবিতায় উল্লিখিত পাখির গানের সুখে কোথায় কাঁপন?**

(ক) কবির মনে

(খ) বনের বুকে

(গ) মুক্ত মাঠে

(ঘ) মায়ের মুখে

উত্তর: (খ) বনের বুকে

**১২. ‘পল্লি-মা’ কবিতায় উল্লিখিত কালো চাষা কী হাতে নিয়ে চলে?**

(ক) লাঙল

(খ) মাথাল

(গ) কাস্তে

(ঘ) জালা

উত্তর: (গ) কাস্তে

**১৩. ‘পল্লি-মা’ কবিতায় গোরু-মহিষের পাশে কী চরে?**

(ক) গাধা

(খ) ভেড়া

(গ) শালিক

(ঘ) ধানের জাত

উত্তর: (গ) শালিক

**১৪. ‘পল্লি-মা’ কবিতায় উল্লিখিত ধেনু অর্থ কী?**

(ক) ছাগল

(খ) শালিক

(গ) গরু

(ঘ) ভেড়া

উত্তর: (গ) গরু

**১৫. ‘পল্লি-মা’ কবিতায় কোন দিঘির জলে তৃষ্ণা-জ্বালা মিটে?**

(ক) কালো দিঘি

(খ) ছোটো দিঘি

(গ) বড়ো দিঘি

(ঘ) লম্বা দিঘি

উত্তর: (ক) কালো দিঘি

**১৬. ‘পল্লি-মা’ কবিতায় ব্যবহৃত ‘জালা’ অর্থ কী?**

(ক) কষ্ট

(খ) মাটির বড়ো পাত্র

(গ) আগুন

(ঘ) মাচা

উত্তর: (খ) মাটির বড়ো পাত্র

**১৭. ‘পল্লি-মা’ কবিতায় উল্লিখিত কোন ধানে মাঠে ছেয়েছে?**

(ক) আমন ধানে

(খ) সবুজ ধানে

(গ) হলুদ ধানে

(ঘ) বোরো ধানে

উত্তর: (খ) সবুজ ধানে

**১৮. ‘পল্লি-মা’ কবিতায় ব্যবহৃত কৃষক-বালা কোথা থেকে ফিরে আসছে?**

(ক) মাঠ থেকে

(খ) বাড়ি থেকে

(গ) ধানখেত থেকে

(ঘ) নদী থেকে

উত্তর: (ঘ) নদী থেকে

**১৯. ‘পল্লি-মা’ কবিতায় ব্যবহৃত ‘জাংলা’ অর্থ কী?**

(ক) পাত্র

(খ) মাচা

(গ) ঘাস

(ঘ) চুল

উত্তর: (খ) মাচা

**২০. ‘পল্লি-মা’ কবিতায় ব্যবহৃত ‘চিকুর’ অর্থ কী?**

(ক) চিৎকার

(খ) স্থান

(গ) আওয়াজ

(ঘ) চুল

উত্তর: (ঘ) চুল

**২১. ‘পল্লি-মা’ কবিতায় ব্যবহৃত ‘টোটা’ কী?**

(ক) অস্ত্রবিশেষ

(খ) মাচা

(গ) দূর হওয়া

(ঘ) নাচ

উত্তর: (গ) দূর হওয়া

**২২. ‘পল্লি-মা’ কবিতায় ‘বাষ্প-রথ’ অর্থ কী?**

(ক) নৌকা

(খ) বাস

(গ) রেলগাড়ি

(ঘ) সাইকেল

উত্তর: (গ) রেলগাড়ি

**২৩. ‘পল্লি-মা’ কবিতায় উল্লিখিত ‘বেণু’ অর্থ কী?**

(ক) বাঁশি

(খ) বাতাস

(গ) গাছ

(ঘ) চুল

উত্তর: (ক) বাঁশি

**২৪. ‘পল্লি-মা’ কবিতায় উল্লিখিত ‘অশত্থ’ কী?**

(ক) পদ্ম

(খ) বাতাস

(গ) গাছ

(ঘ) ফুল

উত্তর: (গ) গাছ

**২৫. ‘পল্লি-মা’ কবিতায় উল্লিখিত ‘ভুঞ্জিতে’ অর্থ কী?**

(ক) ভোগ করতে

(খ) লোভ করতে

(গ) ত্যাগ করতে

(ঘ) লাভ করতে

উত্তর: (ক) ভোগ করতে

## স্মৃতিস্তম্ভ কবিতার মূলভাব

১৯৫২ সালের ভাষা আন্দোলনের শহিদদের স্মৃতির উদ্দেশ্যে যে অস্থায়ী শহিদ মিনারটি নির্মিত হয়েছিল, শাসকগোষ্ঠী তা ভেঙে ফেলেছিল। কিন্তু তারা বুঝতে পারেনি, ইট-পাথরের মিনার ভাঙলেও বাঙালির হৃদয়ে যে চেতনা ও ঐক্য আছে, তা কখনো মুছে ফেলা সম্ভব নয়। বাঙালির ইতিহাসে বহু শাসক এসে চেষ্টা করেছে আমাদের পরিচয় ও ঐতিহ্য মুছে দিতে, কিন্তু তারা ব্যর্থ হয়েছে। বাংলার সাধারণ মানুষ সবসময় একত্রিত হয়ে প্রতিরোধ করেছে। শহিদদের আত্মত্যাগ আমাদের শক্তি জোগায়। তাদের সাহস আমাদের অনুপ্রাণিত করে, আমাদের মনে জাগরণ সৃষ্টি করে। শহিদদের স্মৃতি আমাদের গর্বিত করে তোলে এবং আমাদের পথে চলতে উদ্বুদ্ধ করে। তারা যে সংকল্প নিয়ে জীবন দিয়েছিলেন, তা আমাদের জন্য একটি অনুপ্রেরণা। আমরা জানি, তাদের স্মৃতি আমাদের মনে চিরকাল অম্লান থাকবে এবং আমাদের সংগ্রামের শক্তি জুগিয়ে যাবে।

## স্মৃতিস্তম্ভ কবিতার সংক্ষিপ্ত প্রশ্ন

**১। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতার কবির ভাষায় শহিদের জীবন কোথায় দ্বীপ হয়ে ভাসে?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতার কবির ভাষায় পলাশের আর রামধনুকের গভীর চোখের তারায় তারায় শহিদের জীবন দ্বীপ হয়ে ভাসে।

**২। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি কবির কোন কাব্যের অন্তর্গত?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি কবির ‘মানচিত্র’ কাব্যের অন্তর্গত।

**৩। আলাউদ্দিন আল আজাদ কত সালে জন্মগ্রহণ করেন?**

উত্তর: আলাউদ্দিন আল আজাদ ১৯৩২ সালে জন্মগ্রহণ করেন।

**৪। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি কোন বিষয় নিয়ে রচিত?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি ১৯৫২ সালের ভাষা আন্দোলনের বিষয়ে নিয়ে রচিত।

**৫। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় ‘চার কোটি পরিবার’ বলতে কী বোঝানো হয়েছে?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় ‘চার কোটি পরিবার’ বলতে সমগ্র বাঙালি জাতিকে বোঝানো হয়েছে।

**৬। আলাউদ্দিন আল আজাদ কত সালে মৃত্যুবরণ করেন?**

উত্তর: আলাউদ্দিন আল আজাদ ২০০৯ সালে মৃত্যুবরণ করেন।

**৭। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় উল্লিখিত স্মৃতিস্তম্ভ কারা তৈরি করেছিল?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় উল্লিখিত স্মৃতিস্তম্ভ মেডিকেল কলেজের ছাত্ররা তৈরি করেছিল।

**৮। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি কোন ছন্দে রচিত?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

**৯। ‘নরকে লাল গোলাপ’, ‘ধানকন্যা’, ‘কর্ণফুলী’- গ্রন্থগুলো কে রচনা করেছেন?**

উত্তর: ‘নরকে লাল গোলাপ’, ‘ধানকন্যা’, ‘কর্ণফুলী’- গ্রন্থগুলো আলাউদ্দিন আল আজাদ রচনা করেছেন।

**১০। ‘পদাতিক’ শব্দের অর্থ কী?**

উত্তর: ‘পদাতিক’ শব্দের অর্থ- পায়ে হেঁটে যুদ্ধ করে যে সৈন্য।

**১১। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় কবি শহিদের নাম কোথায় আঁকার কথা বলেছেন?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় কবি শহিদের নাম প্রেমের ফেনিল শিলায় আঁকার কথা বলেছেন।

**১২। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় জনতা কোথায় ধান বোনে?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় খুরের ঝটিকা ধূলায়-চূর্ণ মাটিতে – ধান বোনে।

**১৩। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় ‘বেহালার সুরে, রাঙা হৃদয়ের বর্ণলেখায়’ কী গড়ার কথা বলা হয়েছে?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় ‘বেহালার সুরে, রাঙা হৃদয়ের বর্ণলেখায়’ একটি মিনার গড়ার কথা বলা হয়েছে।

**১৪। আলাউদ্দিন আল আজাদ কী কী সাহিত্য রচনা করেছেন?**

উত্তর: আলাউদ্দিন আল আজাদ একই সঙ্গে কবিতা, গল্প, নাটক ও উপন্যাস রচনা করেছেন।

**১৫। ‘এ-কোন মৃত্যু?’ – কাদের মৃত্যুকে বোঝানো হয়েছে?**

উত্তর: ‘এ-কোন মৃত্যু?’ বলতে শাসকগোষ্ঠীর নৃশংসতায় এ দেশের ভাষা-আন্দোলনকারীদের মৃত্যুকে বোঝানো হয়েছে।

**১৬। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় সকল বেদনা কী হয়ে ওঠে?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় সকল বেদনা পতাকার রং হয়ে ওঠে।

**১৭। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় কোন কথায় অভয় বাণী দান করা হয়েছে?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় ‘আমরা এখনো চার কোটি পরিবার খাড়া রয়েছি তো!’ কথায় অভয় বাণী দান করা হয়েছে।

**১৮। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটির চরণের শেষে কী নেই?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটির চরণের শেষে মিল নেই।

**১৯। আলাউদ্দিন আল আজাদের লেখা কোন কবিতা রয়েছে?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি আলাউদ্দিন আল আজাদের লেখা।

**২০। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটি কোন লয় কোন গতির?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটির লয় মধ্যম গতির।

**২১। ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় উল্লিখিত স্মৃতিস্তম্ভটি ভেঙে ফেলার কথা বলা হয়েছে কাদের?**

উত্তর: ‘স্মৃতিস্তম্ভ’ কবিতাটিতে পাকিস্তানি শাসকচক্রের স্মৃতিস্তম্ভটি ভেঙে ফেলার কথা বলা হয়েছে।

**২২। 'আমাদের হাজার মুঠির বস্তু শিখরে সূর্যের মতো' কী জ্বলে?**

উত্তর: 'আমাদের হাজার মুঠির বজ্র শিখরে সূর্যের মতো' – শপথের ভাস্করে ফুলে।

**২৩। 'স্মৃতিস্তম্ভ' কবিতায় বাঙালির ভিত ভাঙতে পারেনি কে?**

উত্তর: পাকিস্তানি শাসকরা বাঙালির ভিত ভাঙতে পারেনি।

**২৪। 'স্মৃতিস্তম্ভ' কবিতায় কবির কোন কাব্যের অন্তর্গত?**

উত্তর: 'স্মৃতিস্তম্ভ' কবিতাটি কবির 'মানচিত্র' কাব্যের অন্তর্গত।

## স্মৃতিস্তম্ভ কবিতার বহুনির্বাচনি প্রশ্ন

**১. আলাউদ্দিন আল আজাদ কত সালে জন্মগ্রহণ করেন?**

(ক) ১৯৩২

(খ) ১৯৩১

(গ) ১৯৩০

(ঘ) ১৯৪০

উত্তরঃ (ক) ১৯৩২

**২. আলাউদ্দিন আল আজাদ কত সালে মৃত্যুবরণ করেন?**

(ক) ২০০৮

(খ) ২০০৯

(গ) ২০১০

(ঘ) ২০১১

উত্তরঃ (খ) ২০০৯

**৩. আলাউদ্দিন আল আজাদ কী কী রচনা করেছেন?**

(ক) কবিতা

(খ) নাটক

(গ) গল্প

(ঘ) সবকটি

উত্তরঃ (ঘ) সবকটি

**৪. ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় কবির ভাষায় আমরা এখনো কত কোটির পরিবার?**

(ক) চার কোটি

(খ) আট কোটি

(গ) পাঁচ কোটি

(ঘ) সাত মিনার

উত্তরঃ (ক) চার কোটি

**৫. ‘স্মৃতিস্তম্ভ’ কবিতায় কীসের মিনার ভেঙেছে?**

(ক) স্মৃতির মিনার

(খ) আলোর মিনার

(গ) ইটের মিনার

(ঘ) পাথরের মিনার

উত্তরঃ (গ) ইটের মিনার

**৬. জাগরী অর্থ কী?**

(ক) বিদ্রোহী

(খ) ঘুমহীন

(গ) বিক্ষুব্ধ

(ঘ) চিন্তিত

উত্তরঃ (খ) ঘুমহীন

**৭. ‘ঝটিকা’ অর্থ কী?**

(ক) আকস্মিক

(খ) হঠাৎ

(গ) অবাক

(ঘ) ঝড়

উত্তরঃ (ঘ) ঝড়

**৮. ‘ভাস্কর’ অর্থ কী?**

(ক) সুর্য

(খ) শিল্পী

(গ) যোদ্ধা

(ঘ) শিল্পস্রষ্টা

উত্তরঃ (ক) সুর্য

**৯. মহনীয় অর্থ কী?**

(ক) আকর্ষণীয়

(খ) মহান

(গ) চমৎকার

(ঘ) মোহনীয়

উত্তরঃ (খ) মহান

**১০. রামধনুক কী?**

(ক) রংধনু

(খ) রামের ধনুক

(গ) তীরের ধনুক

(ঘ) রাম নামক এক বিশেষ ধনুক

উত্তরঃ (ক) রংধনু

**১১. প্রকৃত পক্ষে শিলা কী?**

(ক) পাথর

(খ) কাঠখণ্ড

(গ) সিমেন্ট

(ঘ) কংক্রিট

উত্তরঃ (ক) পাথর

**১২. ফেনিল অর্থ কী?**

(ক) সাদার রং

(খ) ফেনাযুক্ত

(গ) মিষ্টি

(ঘ) তিক্ত

উত্তরঃ (খ) ফেনাযুক্ত

**১৩. হাপর কী?**

(ক) চামড়ার থলে

(খ) কাপড়ের থলে

(গ) প্লাস্টিকের থলে

(ঘ) ছোটো বাক্স

উত্তরঃ (ক) চামড়ার থলে

**১৪. পরোয়ানা কী?**

(ক) লিখিত আদেশ

(খ) মৌখিক আদেশ

(গ) আদালতের আদেশ

(ঘ) রাষ্ট্রপতির আদেশ

উত্তরঃ (ক) লিখিত আদেশ

**১৫. সেতার কী?**

(ক) বাদ্যযন্ত্রবিশেষ

(খ) সাদা তার

(গ) একটি গান

(ঘ) একটি রাগ

উত্তরঃ (ক) বাদ্যযন্ত্রবিশেষ

**১৬. পায়ে হেঁটে যারা যুদ্ধ করে তাদের কী বলে?**

(ক) পদাতিক

(খ) সৈনিক

(গ) যোদ্ধা

(ঘ) সিপাহি

উত্তরঃ (ক) পদাতিক

**১৭. রাজন্য অর্থ কী?**

(ক) রাজা

(খ) মহান

(গ) মোহনীয়

(ঘ) রাজার জন্য

উত্তরঃ (ক) রাজা

## আমি কোনো আগন্তুক নই কবিতার মূলভাব

"আমি কোনো আগন্তুক নই" কবিতায় কবি জন্মভূমির সঙ্গে তাঁর অটুট সম্পর্ক তুলে ধরেছেন। এখানে গ্রামীণ জনপদের জীবনযাত্রা এবং প্রকৃতির সঙ্গে তাঁর নিবিড় বন্ধন প্রকাশিত হয়েছে। কবি তাঁর দৈনন্দিন জীবনের নানা দিক, যেমন মাঠ, ঘাট, পথ এবং প্রান্তরের সঙ্গে সংযুক্ত হয়ে অনুভব করেন যে, এই সবই তাঁর আত্মার অঙ্গ। গ্রামের ধানক্ষেত, নদীর কিনারা, এবং প্রকৃতির অন্য সব অনুষঙ্গ কবির হৃদয়ে গভীরভাবে গেঁথে আছে। তিনি আত্মবিশ্বাসের সঙ্গে বলেন, "আমি কোনো আগন্তুক নই", কারণ তাঁর জন্মভূমির প্রতিটি উপাদান—আকাশ, ফুল, পাখি, জোনাকি, পুকুর—সবকিছুর সঙ্গে তিনি পরিচিত। এরা তাঁকে চেনে এবং তিনি এদের কাছে আপন। কবির প্রিয় গ্রামীণ মানুষ, যেমন কদম আলী ও জাদিলার মা, তাঁকে স্বজনের মতো মানেন। এই সম্পর্ক কবিকে আরও গভীরভাবে প্রান্তরের সঙ্গে যুক্ত করে। কবি

জন্মভূমিতে শিকড় গেড়ে, নিজের অস্তিত্ব খুঁজে পান। এই কবিতায় ফুটে উঠেছে যে, জন্মভূমির প্রতি ভালোবাসা এবং ঐক্যবদ্ধতার অনুভূতি মানুষের মধ্যে কিভাবে গভীর ভাবে কাজ করে। এটি আমাদের শিখায় যে, যখন আমরা আমাদের শিকড়ে মিশে যাই, তখনই আমরা দেশকে সত্যিকার অর্থে আপন করে পাই।

## আমি কোনো আগন্তুক নই কবিতার সংক্ষিপ্ত প্রশ্ন

**১। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি কার চিরচেনা স্বজন?**

উত্তর: 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি কদম আলীর চিরচেনা স্বজন।

**২। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় আসমানের তারা কার সাক্ষী?**

উত্তর: 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় আসমানের তারা কবির সাক্ষী।

**৩। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি 'এখানে থাকা মানে' কোথায় থাকা বুঝিয়েছেন?**

উত্তর: 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি 'এখানে থাকা মানে সারা দেশে থাকা' বুঝিয়েছেন।

**৪। কবি আহসান হাবীব কত সালে জন্মগ্রহণ করেন?**

উত্তর: কবি আহসান হাবীব ১৯১৭ সালে জন্মগ্রহণ করেন।

**৫। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবির হাতের স্পর্শ কোথায় লেগে আছে?**

উত্তর: কবির হাতের স্পর্শ লেগে আছে বৈঠায় ও লাঙলে।

**৬। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় জ্যোত্মার চাদরে কী ঢাকা?**

উত্তর: 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় জ্যোৎস্নার চাদরে নিশিন্দার ছায়া ঢাকা।

**৭। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি কার নামে শপথ নিয়েছেন?**

উত্তর: 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি খোদার নামে শপথ নিয়েছেন।

**৮। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কে কোনো অভ্যাগত নন?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি কোনো অভ্যাগত নন।

**৯। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় মাটিতে কার গন্ধ পাওয়া যাবে?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় মাটিতে কবির গন্ধ পাওয়া যাবে।

**১০। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কদম আলী কিসে নত?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কদম আলী অকাল বার্ধক্যে নত।

**১১। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি কীরূপ নদীর মুগ্ধ এক অবোধ বালক?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি ধু ধু নদীর মুগ্ধ এক অবোধ বালক।

**১২। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কার চোখ ক্লান্ত?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কদম আলীর চোখ ক্লান্ত।

**১৩। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় আহসান হাবীবের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?**

উত্তর: আহসান হাবীবের প্রথম কাব্যগ্রন্থের নাম ‘রাত্রিশেষ’।

**১৪। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় বাঁশবাগানে বিস্তর কীসের কথা বলা হয়েছে?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় বাঁশবাগানে বিস্তর জোনাকির কথা বলা হয়েছে।

**১৫। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় মাছরাঙা কাকে চেনে?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় মাছরাঙা কবিকে চেনে।

**১৬। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় অকাল বার্ধক্যে নত কে?**

উত্তর: অকাল বার্ধক্যে নত কবির পরিচিত কদম আলী।

**১৭। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কত সালে কবি আহসান হাবীব মৃত্যুবরণ করেন?**

উত্তর: ১৯৮৫ সালে কবি আহসান হাবীব মৃত্যুবরণ করেন।

**১৮। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় ‘তার ক্লান্ত চোখের আঁধার’ বলতে কার কথা বলা হয়েছে?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় উল্লিখিত ‘তার ক্লান্ত চোখের আঁধার’ বলতে কদম আলীর কথা বলা হয়েছে।

**১৯। ‘নিশিরাইত’ অর্থ কী?**

উত্তর: ‘নিশিরাইত’ অর্থ গভীর রাত।

**২০। আহসান হাবীবের কবিতায় কোন দিকটি বিশিষ্ট ব্যঞ্জনা দান করেছে?**

উত্তর: আহসান হাবীবের কবিতায় গভীর জীবনবোধ ও আশাবাদের দিকটি বিশিষ্ট ব্যঞ্জনা দান করেছে।

**২১। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি কোন দেশি পথিক নন?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি ভিনদেশি পথিক নন।

**২২। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি কদম আলীর নাম কোথায় উল্লেখ করেছেন?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি কদম আলীর নাম উল্লেখ করেছেন।

**২৩। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি কোন জায়গায় বসতি গড়েছেন?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি আশায় বসতি গড়েছেন।

**২৪। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবির চোখের ক্লান্তি কোথায় দেখা যায়?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবির চোখের ক্লান্তি কদম আলীর মধ্যে দেখা যায়।

**২৫। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কদম আলীর প্রতি কবির অনুভূতি কী?**

উত্তর: ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কদম আলীর প্রতি কবির অনুভূতি গভীর।

আমি কোনো আগন্তুক নই কবিতার বহুনির্বাচনি প্রশ্ন

**১। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতাটির রচয়িতা কে?**

(ক) কাজী নজরুল ইসলাম

(খ) জীবনানন্দ দাশ

(গ) সুকান্ত ভট্টাচার্য

(ঘ) আহসান হাবীব

উত্তরঃ (ঘ) আহসান হাবীব

**২। কবি আহসান হাবীব কত সালে জন্মগ্রহণ করেন?**

(ক) ১৯১৭ সালে

(খ) ১৯২৭ সালে

(গ) ১৯৮৫ সালে

(ঘ) ১৯৮৭ সালে

উত্তরঃ (ক) ১৯১৭ সালে

**৩। কত খ্রিস্টাব্দে আহসান হাবীবের জীবনাবসান ঘটে?**

(ক) ১৯১৭ সালে

(খ) ১৯২১ সালে

(গ) ১৯৮৫ সালে

(ঘ) ১৯৮৬ সালে

উত্তরঃ (গ) ১৯৮৫ খ্রি.

**৪। “মাটিতে আমার গল্প, আমার শরীরে লেগে আছে এই লিখ মাটির সুবাস”—এ চরণে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে?**

(ক) দেশপ্রেম

(খ) নিসর্গপ্রেম

(গ) মর্ত্যপ্রীতি

(ঘ) আত্মতৃপ্তি

উত্তরঃ (ক) দেশপ্রেম

**৫। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কোন মাসের উল্লেখ রয়েছে?**

(ক) আশ্বিন

(খ) অগ্রহায়ণ

(গ) কার্তিক

(ঘ) পৌষ

উত্তরঃ (গ) কার্তিক

**৬। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় স্থির দৃষ্টি কার?**

(ক) মাছরাঙার

(খ) কদম আলীর

(গ) জমিলার মা’র

(ঘ) জোনাকির

উত্তরঃ (ক) মাছরাঙার

**৭। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতার অকাল বার্ধক্যে নত কে?**

(ক) ভিনদেশি পথিক

(খ) কদম আলী

(গ) জমিলার মা

(ঘ) অবোধ বালক

উত্তরঃ (ঘ) অবোধ বালক

**৮। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবির সামনে কী?**

(ক) শূন্য খা খা রান্নাঘর

(খ) ধানের খেত

(গ) সরু পথ

(ঘ) ধু-ধু নদীর কিনার

উত্তরঃ (ঘ) ধু-ধু নদীর কিনার

**৯। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবি পুবের কোনটিকে সাক্ষী করেছেন?**

(ক) ধানের খেত

(খ) নদী

(গ) পুকুর

(ঘ) আকাশ

উত্তরঃ (গ) পুকুর

**১০। আমি ছিলাম এখানে, এখানে থাকার নাম সর্বত্রই থাকা—কবি কোন নিয়মে সর্বত্রই থাকেন?**

(ক) প্রকৃতির

(খ) সময়ের

(গ) স্বাভাবিক

(ঘ) স্বাপ্নিক

উত্তরঃ (ঘ) স্বাপ্নিক

**১১। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় মাছরাঙা কোন গাছে বসে আছে?**

(ক) ডুমুর

(খ) জানুল

(গ) জামরুল

(ঘ) বরই

উত্তরঃ (ক) ডুমুর

**১২। নিশিন্দা শব্দের অর্থ কী?**

(ক) ধানের মঞ্জরি

(খ) অভাবী শ্রেণির প্রতিনিধি

(গ) জামরুল

(ঘ) গভীর রাত

উত্তরঃ (গ) গ্রামীণ এক ধরনের গাছ

**১৩। ‘এখানে থাকার নাম সর্বত্রই থাকা’—এ চিত্রকল্পে ফুটে উঠেছে—**

(ক) স্বদেশ সান্নিধ্যের সর্বব্যাপকতা।

(খ) স্বদেশ অনুভবের বিহ্বলতা।

(গ) স্বদেশপ্রেমের আকুলতা।

(ঘ) স্বদেশের সবকিছুই চেনাজানা।

উত্তরঃ (ক) স্বদেশ সান্নিধ্যের সর্বব্যাপকতা।

**১৪। ‘স্নিগ্ধ মাটির সুবাস’ দ্বারা কবি কী বুঝিয়েছেন?**

(ক) মনোহর প্রকৃতি

(খ) কাদামাটির গন্ধ

(গ) আকর্ষণীয় গ্রামবাংলা।

(ঘ) গ্রামের সঙ্গে যোগসূত্র

উত্তরঃ (গ) আকর্ষণীয় গ্রামবাংলা।

**১৫। ‘দেখো মাটিতে আমার গন্ধ, আমার শরীরে লেগে আছে মাটির সুবাস’—বলতে কবি কী বুঝিয়েছেন?**

(ক) মাটির সুবাস তাঁর শরীরে লেগে আছে

(খ) জন্মভূমির সাথে তাঁর নিবিড় আত্মিক সম্পর্ক

(গ) জন্মভূমির স্নিগ্ধ মাটিতে মিশে আছেন তিনি

(ঘ) তিনি সুবাসিত মাটিকে গভীর ভালোবাসেন

উত্তরঃ (খ) জন্মভূমির সাথে তাঁর নিবিড় আত্মিক সম্পর্ক

**১৬। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কবির গায়ে কীসের সুবাস লেগে আছে?**

(ক) কার্তিকের ধানের মঞ্জুরির ও টলমল শিশিরের

(খ) জমিনের ফুলের

(গ) স্নিগ্ধ মাটির সুবাস

(ঘ) রাতের রজনীগন্ধার

উত্তরঃ (গ) স্নিগ্ধ মাটির সুবাস

**১৭। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতার সাক্ষী পুকুরটি কোন দিকে অবস্থিত?**

(ক) পূর্ব

(খ) উত্তর

(গ) পশ্চিম

(ঘ) দক্ষিণ

উত্তরঃ (ক) পূর্ব

**১৮। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় রৌদ্র কেমন?**

(ক) খর

(খ) কুয়াশায় ঢাকা

(গ) মেঘে ঢাকা

(ঘ) গ্রহণ লাগা

উত্তরঃ (ক) খর

**১৯। কবি জামরুলের সাথে আর কাকে সাক্ষী মেনেছেন?**

(ক) নিশিন্দাকে

(খ) জারুলকে

(গ) মাছরাঙাকে

(ঘ) ধানের মঞ্জরিকে

উত্তরঃ (ক) নিশিন্দাকে

**২০। “তারা জানে আমি কোনো অনাত্মীয় নই” – এ চরণের ‘তারা’ হলো—**

(ক) বিকেলের পাখি

(খ) মাছরাঙা

(গ) বৃষ্টির জল

(ঘ) মাটির প্রাণী

উত্তরঃ (খ) জারুলকে

**২১। ‘কবি’ কোন পাতাকে সাক্ষী রেখেছেন?**

(ক) টগর

(খ) চিরল

(গ) জামরুল

(ঘ) রক্তজবা

উত্তরঃ (খ) চিরল

**২২। কবির অস্তিত্বে গাঁথা কোনটি?**

(ক) স্নিগ্ধ মাটির সুবাস

(খ) উধাও নদী

(গ) ধানের খেত

(ঘ) পুকুর

উত্তরঃ (গ) ধানের খেত

**২৩। ‘ধানের মঞ্জরি’ অর্থ কী?**

(ক) ধানের বোঝা

(খ) ধানের শিষ

(গ) বিস্তর জোনাকি

(ঘ) ধানের গাছ

উত্তরঃ (খ) ধানের শিষ

# ২য় পরিচ্ছেদঃ গল্প

**অলিখিত উপাখ্যান গল্পের মূলভাব**

‘অলিখিত উপাখ্যান’ গল্পটি ব্রিটিশ শাসনামলে এদেশের মানুষের ওপর ইংরেজ বেনিয়াদের শোষণের ওপর ভিত্তি করে রচিত। এখানে হেনরি মোরেলের নির্দেশনায় সুন্দরবনের গাছ কাটতে শুরু করে কিছু মানুষ। পায়ে শিকল পরিয়ে অমানবিক নির্যাতনের মাধ্যয়ে তাদের দিয়ে এ ধরনের কাজ করতে বাধ্য করা হয়। এভাবে সুন্দরবনের প্রাকৃতিক পরিবেশকে ধ্বংস করতে থাকে। তাদের উপনিবেশবাদী মানসিকতা বনের হিংস্র পশুদেরও হার মানায়। পঞ্চাশ জন মজুরকে এই গাছ কাটার কাজে নিয়োজিত করা হয়। এরা সবাই মোরেলদের কয়েদখানার কয়েদি। হাতির পিঠে দুলতে দুলতে এই কাজ তদারকি করছিল হেনরি মোরেল। তার এই অনৈতিক কাজে সহায়তাকারী হিসেবে দেখা যায় ঠিকাদার, মোহন খা, দুর্গাচরণ আর মোরেলের পোষা লাঠিয়াল পাইক বরকন্দাজদের মতো আজ্ঞাবহ দাসবৎ লোকগুলোকে। এদের কারণেই শ্বেতাঙ্গরা সংখ্যায় অল্প হয়েও এই বিরাট দেশটিকে পদানত করে রাখতে পেরেছিল। এদের কেউ কেউ সাহবেদের চেয়েও ভয়ংকর হয়ে উঠত। হেনরি নিজেদের স্বার্থসিদ্ধির জন্য কালো চামড়ার মানুষগুলোকে কয়েদি বানিয়ে সুন্দরবন কেটে বসতি স্থাপন ও আবাদি জমি তৈরিতে প্রবৃত্ত হয়েছিল। এই কাজ করতে গিয়ে বনের হিংস্র জীবজন্তুর কামড়ে একের পর এক কয়েদি মারা পড়তে থাকে। তবে অ্যাডভোরপ্রিয় হেনরির সেদিকে কোনো ভ্রুক্ষেপ ছিল : না। সে মেতে উঠেছিল ম্যান ইটার বাঘ শিকারের পাশবিক ক্রিয়ায়। এভাবেই ব্রিটিশরা অন্য দেশের হয়েও এদেশের মানুষের ওপর নির্মম অত্যাচার করত। তারা নিজেদের স্বার্থ হাসিলের জন্য যেকোনো ধরনের অন্যায় করতে দ্বিধা করত না।

## অলিখিত উপাখ্যান গল্পের সংক্ষিপ্ত প্রশ্ন

**১। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে মানুষ বসতি স্থাপনের জন্য কী করেছে?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে মানুষ বসতি স্থাপনের জন্য অরণ্য কেটে ফেলেছে।

**২। কাহিনি হঠাৎ করে শেষ হয়ে যেতে পারে কোন ধরনের?**

উত্তর: কাহিনি হঠাৎ করে শেষ হয়ে যেতে পারে ছোটোগল্পে।

**৩। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কে নামকরা শিকারি?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কালু বাওয়ালি নামকরা শিকারি।

**৪। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে বাতাসের নৈঃশব্দ্য ভঙ্গ করে কীসে?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে হরিণের পালের খুরের শব্দ বাতাসের নৈঃশব্দ্য ভঙ্গ করে।

**৫। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কীসের কামড়ে কয়েদিদের চোখ-মুখ ফুলে গেছিল?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে মৌমাছির কামড়ে কয়েদিদের চোখ-মুখ ফুলে গেছিল।

**৬। গল্পের বিশেষ শ্রেণিকে কী বলা হয়?**

উত্তর: গল্পের বিশেষ শ্রেণিকে ছোটোগল্প বলা হয়।

**৭। রিজিয়া রহমান-এর জন্ম কত সালে?**

উত্তর: রিজিয়া রহমান-এর জন্ম ১৯৩৯ সালে।

**৮। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে সারা বন কীসের শব্দে মুখর?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে সারা বন কুড়ালের শব্দে মুখর।

**৯। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কে জঙ্গল কাটার তদারকি করছিল?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে হেনরি জঙ্গল কাটার তদারকি করছিল।

**১০। বাওয়ালি কারা?**

উত্তর: সুন্দরবনের কাঠ সংগ্রহ করা যাদের পেশা, তাদেরকে বাওয়ালি বলা হয়।

**১১। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কোন বনকে বিচিত্র ভয়াল বন বলা হয়েছে?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে সুন্দরবনকে বিচিত্র ভয়াল বন বলা হয়েছে।

**১২। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কাকে ‘নবাবপুত্তুর’ বলে ব্যঙ্গ করা হয়েছে?**

উত্তর: ‘অলিখিত উপাখ্যান’ গল্পে পানি পিপাসায় কাতর কয়েদিটাকে ‘নবাবপুত্তুর’ বলে ব্যঙ্গ করা হয়েছে।

**১৩। গল্পের চরিত্রকে জীবন্ত করতে চরিত্রের মুখে কী যোগ করা হয়?**

উত্তর: গল্পের চরিত্রকে জীবন্ত করতে চরিত্রের মুখে সংলাপ যোগ করা হয়।

**১৪। 'অলিখিত উপাখ্যান' গল্পে বর্ণিত কীসের শব্দ বনের পশুকে সচকিত করে?**

উত্তর: 'অলিখিত উপাখ্যান' গল্পে বর্ণিত কুঠারের শব্দ বনের পশুকে সচকিত করে।

**১৫। 'অলিখিত উপাখ্যান' গল্পে ছোটোগল্পের আয়তন কীরূপ হয়?**

উত্তর: ছোটোগল্পের আয়তন সাধারণত ছোটো হয়।

**১৬। রিজিয়া রহমান-এর মৃত্যু কত সালে?**

উত্তর: রিজিয়া রহমান-এর মৃত্যু ২০১৯ সালে।

**১৭। 'অলিখিত উপাখ্যান' গল্পে কি হয়েছে?**

উত্তর: 'অলিখিত উপাখ্যান' গল্পে বাঘ মানুষের রক্তের স্বাদ পেয়েছে।

**১৮। গল্প কাকে বলে?**

উত্তর: বাস্তব বা কাল্পনিক বিষয় নিয়ে গদ্য ভাষায় রচিত কাহিনিকে গল্প বলে।

**১৯। 'অলিখিত উপাখ্যান' গল্পে কয়েদিরা দিনে কয়বার খাবার পানি পায়?**

উত্তর: 'অলিখিত উপাখ্যান' গল্পে কয়েদিরা দিনে তিন বার খাবার পানি পায়।

**২০। 'অলিখিত উপাখ্যান' গল্পাংশটি কোন গ্রন্থের অন্তর্গত?**

উত্তর: 'অলিখিত উপাখ্যান' অংশটি রিজিয়া রহমান-এর 'অলিখিত উপাখ্যান' উপন্যাসের অংশবিশেষ।

**২১। 'অলিখিত উপাখ্যান' গল্পে কোন পাতার ছাউনি দিয়ে ঘর তৈরি করা হলো?**

উত্তর: 'অলিখিত উপাখ্যান' গল্পে গোলপাতার ছাউনি দিয়ে ঘর তৈরি করা হলো।

**২২। গল্পের কাহিনির মধ্যে কয়টি ঘটনা থাকে?**

উত্তর: গল্পের কাহিনির মধ্যে এক বা একাধিক ঘটনা থাকে।

## অলিখিত উপাখ্যান গল্পের বহুনির্বাচনি প্রশ্ন (MCQ)

**১। অরণ্য কেটে মানুষ কী করছে?**

(ক) ফার্নিচার বানাচ্ছে

(খ) বসতি স্থাপন করছে

(গ) পশু শিকার করছে

(ঘ) রাস্তা বানাচ্ছে।

উত্তরঃ (খ) বসতি স্থাপন করছে

**২। 'অলিখিত উপাখ্যান' গল্পে নিচের কোন প্রাণী বনে স্বাধীনভাবে ঘুরে বেড়ায়?**

(ক) বন্য শূকর

(খ) বুনো মহিষ

(গ) নীলগাই

(ঘ) সবকয়টি

উত্তরঃ (ঘ) সবকয়টি

**৩। 'অলিখিত উপাখ্যান' গল্পে কুমির ডাঙায় উঠে কী করে?**

(ক) রোদ পোহায়

(খ) ঘুমায়

(গ) শিকার করে

(ঘ) বিশ্রাম নেয়

উত্তরঃ (ক) রোদ পোহায়

**৪। 'অলিখিত উপাখ্যান' গল্পে গাছের ডালে শরীর জড়িয়ে অজগর কী করে?**

(ক) মাথা ঝাঁকায়

(খ) বিষ ঘড়ে

(গ) মাথা দোলায়

(ঘ) ভয় দেখায়

উত্তরঃ (গ) মাথা দোলায়

**৫। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে হরিণের দল কেন ছুটে পালায়?**

(ক) বাঘের ভয়ে

(খ) মানুষের ভয়ে

(গ) বন্দুকের শব্দে

(ঘ) কুঠারের শব্দে

উত্তরঃ (ঘ) কুঠারের শব্দে

**৬। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে জঙ্গল কাটার কাজ কে তদারকি করছিল?**

(ক) হেনরি

(খ) রবার্ট

(গ) মাইকেল

(ঘ) ডেভিড

উত্তরঃ (ক) হেনরি

**৭। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে জঙ্গল কাটতে কতজন মজুর এসেছে?**

(ক) ৬০

(খ) ৭০

(গ) ৮০

(ঘ) ৫০

উত্তরঃ (ঘ) ৫০

**৮। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কয়েকদিন আগে জঙ্গল কাটা ফেলে কয়েদিরা কোথায় গিয়েছিল?**

(ক) হরিণ শিকার করতে

(খ) মধুর চাক ভাঙতে

(গ) পালাতে

(ঘ) মাঝ ধরতে

উত্তরঃ (খ) মধুর চাক ভাঙতে

**৯। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে দিনমজুরদের দিনে কয়বার খাবার পানি সরবরাহ করা হয়?**

(ক) তিনবার

(খ) দুইবার

(গ) চারবার

(ঘ) একবার

উত্তরঃ (ক) তিনবার

**১০। কতদিন পরপর দূরের গ্রামের দিঘি থেকে খাবার পানি আনা হয়?**

(ক) একবার

(খ) দুই দিন

(গ) এক দিন

(ঘ) চার দিন

উত্তরঃ (খ) দুই দিন

**১১। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে কালু বাওয়ালি কে?**

(ক) ঠিকাদার

(খ) কয়েদি

(গ) এওয়ার্ড

(ঘ) শিকারি

উত্তরঃ (ঘ) শিকারি

**১২। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে হেনরির হাতির নাম কী?**

(ক) মহারাজ

(খ) রাজশ্রী

(গ) রাজা

(ঘ) গজেন্দ্র

উত্তরঃ (ক) মহারাজ

**১৩। 'অলিখিত উপাখ্যান' গল্পে কয়জন কয়েদিকে সাপে খেয়েছে?**

(ক) ২ জন

(খ) ৩ জন

(গ) ১ জন

(ঘ) ৪ জন

উত্তরঃ (ক) ২ জন

**১৪। 'অলিখিত উপাখ্যান' গল্পে খালের পাড় থেকে কুমির টেনে নিয়েছে কয়জনকে?**

(ক) ২ জন

(খ) ৩ জন

(গ) ৪ জন

(ঘ) ১ জন

উত্তরঃ (ঘ) ১ জন

**১৫। 'অলিখিত উপাখ্যান' গল্পে বুনো মহিষ শিং বাঁধিয়ে নিয়ে গেছে কয়জনকে?**

(ক) ১ জন

(খ) ২ জন

(গ) ৩ জন

(ঘ) ৪ জন

উত্তরঃ (ক) ১ জন

**১৬। 'অলিখিত উপাখ্যান' গল্পে বাঘে ধরেছে কয়জনকে?**

(ক) ২ জন

(খ) ৩ জন

(গ) ৪ জন

(ঘ) ৫ জন

উত্তরঃ (ক) ২ জন

**১৭। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে বাওয়ালিদের গ্রাম বন থেকে কত ক্রোশ দূরে?**

(ক) ৩৪ ক্রোশ

(খ) ৩ ক্রোশ

(গ) ২ ক্রোশ

(ঘ) ৫ ক্রোশ

উত্তরঃ (গ) ২ ক্রোশ

**১৮। ‘অলিখিত উপাখ্যান’ গল্পে হিন্তাল কী?**

(ক) গাছবিশেষ

(খ) ফুলবিশেষ

(গ) লতাবিশেষ

(ঘ) ফলবিশেষ

উত্তরঃ (ক) গাছবিশেষ

**১৯। এক ক্রোশে কত কিলোমিটার?**

(ক) সাড়ে তিন

(খ) পৌনে তিন

(গ) সোয়া তিন

(ঘ) আড়াই

উত্তরঃ (ক) সাড়ে তিন

**২০। রিজিয়া রহমান কত সালে জন্মগ্রহণ করেন?**

(ক) ১৯৪৭

(খ) ১৯৩৯

(গ) ১৯৩৭

(ঘ) ১৯৪৯

উত্তরঃ (খ) ১৯৩৯

**২১। রিজিয়া রহমান কত সালে মৃত্যুবরণ করেন?**

(ক) ২০২০

(খ) ২০১৮

(গ) ২০১৯

(ঘ) ২০১৭

উত্তরঃ (গ) ২০১৯

**২২। ‘উত্তর পুরুষ’ বইটি কার লেখা?**

(ক) রাজিয়া বেগম

(খ) রাদিয়া বেগম

(গ) রিজিয়া রহমান

(ঘ) রিজভি বেগম

উত্তরঃ (গ) রিজিয়া রহমান

**২৩। ‘অলিখিত উপাখ্যান’ মূলত কী ধরনের গ্রন্থ?**

(ক) প্রবন্ধ

(খ) উপন্যাস

(গ) গল্প

(ঘ) কবিতা

উত্তরঃ (খ) উপন্যাস

**২৪। নিচের কোনটি রিজিয়া রহমানের লেখা গ্রন্থ?**

(ক) ভোলগা থেকে গঙ্গা

(খ) ঢাক থেকে ঢাকা

(গ) বং থেকে বাংলা

(ঘ) রং থেকে রংপুর

উত্তরঃ (গ) বং থেকে বাংলা

**২৫। অলিখিত উপাখ্যানে ক্যানেস্তারা আসলে কী?**

(ক) লোহার তৈরি চারকোনা বাক্স

(খ) রক্তের অক্ষর

(গ) টিনের তৈরি চারকোনা বাক্স

(ঘ) টিনের তৈরি তিনকোনা বক্স

উত্তরঃ (গ) টিনের তৈরি চারকোনা বাক্স

## নিমগাছ গল্পের মূলভাব

'নিমগাছ' বনফুলের একটি প্রতীকী গল্প। এতে সাধারণ অর্থে নিমগাছের ঔষধি গুণ ও উপকারী দিক তুলে ধরা হয়েছে। বিশেষ অর্থে গৃহকর্ম-নিপুণা লক্ষ্মী বউয়ের ওপর নিষ্ঠুর আচরণের দিকটি বর্ণিত হয়েছে। গল্পে মাটির গভীরে শেকড় প্রবেশ করে গাছটির চারদিকে বিস্তৃত হওয়ার সাথে লগ্নী বউয়ের চারদিকে সংসারের জালে আবদ্ধ হওয়াকে বোঝানো হয়েছে। নিমগাছের পাতা, বাকল, ছায়া বাহ্যিক উপকারিতা কবিতার মতো করে গল্পে উপস্থাপন করা হয়েছে। কবিরাজ থেকে শুরু করে সাধারণ মানুষ পর্যন্ত সবাই তাদের নিত্য প্রয়োজনে নিমগাছ ব্যবহার করে থাকে। অথচ তার পরিচর্যায় কেউ এগিয়ে আসে না; বরং পাতা ছিঁড়ে, ছাল তুলে, কচি ডাল ভেঙে নিষ্ঠুরতার পরিচয় দেয়। এ রকম অবস্থায় একজন কবি তার রূপ-গুণের প্রশংসা করলে সে মুগ্ধ হয়ে কবির সঙ্গে চলে যেতে চায়। শেকড়ের মাটির বাঁধন আলগা করে নিমগাছ যেতে পারে না। নিমগাছের মতো বাড়ির লক্ষ্মী বউটিও শত অবহেলা, নিষ্ঠুরতা থেকে মুক্তি নিয়ে যেতে পারে না সংসারের জাল ছিঁড়ে। এই লক্ষ্মী বউয়ের জীবনের ট্র্যাজেডিই 'নিমগাছ' গল্পের মূল উপজীব্য।

## নিমগাছ গল্পের সংক্ষিপ্ত প্রশ্ন

**১। 'নিমগাছ' গল্পে নিমগাছের থোকা থোকা ফুল দেখতে কেমন?**

উত্তর: 'নিমগাছ' গল্পে নিমগাছের থোকা থোকা ফুল দেখতে একঝাঁক নক্ষত্রের মতো।

**২। বনফুলের 'নিমগাছ' কী ধরনের রচনা?**

উত্তর: বনফুলের 'নিমগাছ' একটি প্রতীকী গল্প।

**৩। ‘নিমগাছ’ গল্পে কবিরাজ কে?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে যিনি গাছগাছালি পরিশোধন করে মনুষ্যরোগের চিকিৎসা করেন তিনি হলেন কবিরাজ।

**৪। ‘নিমগাছ’ গল্পে বাড়ির পাশে নিমগাছ গজালে কারা খুশি হয়?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে বাড়ির পাশে নিমগাছ গজালে বিজ্ঞরা খুশি হয়।

**৫। ‘নিমগাছ’ গল্পের ম্যাজিক বাক্যটি কী?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পের ম্যাজিক বাক্যটি হলো— ওদের বাড়ির গৃহকর্ম-নিপুণ লক্ষ্মীবউটার ঠিক এক দশা।

**৬। বনফুল কত সালে জন্মগ্রহণ করেন?**

উত্তর: বনফুল ১৮৯৯ সালে জন্মগ্রহণ করেন।

**৭। ‘নিমগাছ’ গল্পে কে মুগ্ধ দৃষ্টিতে নিমগাছের দিকে চেয়ে থাকে?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে কবি মুগ্ধদৃষ্টিতে নিমগাছের দিকে চেয়ে থাকে।

**৮। ‘নিমগাছ’ গল্পে নিমগাছ কোন রোগের মহৌষধ?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে নিমগাছ চর্মরোগের মহৌষধ।

**৯। ‘নিমগাছ’ গল্পে লোকে নিমগাছের কচি ডাল চিবোয় কেন?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে নিমের কচি ডাল চিবোলে দাঁত ভালো থাকে বলে লোকে নিমগাছের কচি ডাল চিবোয়।

**১০। ‘নিমগাছ’ গল্পে নিমগাছের কচি ডাল ভেঙে লোকজন কী করে?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে নিমগাছের কচি ডাল ভেঙে লোকজন চিবায়।

**১১। ‘নিমগাছ’ গল্পে নিমগাছের শেকড় কোথায় চলে গেছে?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে নিমগাছের শেকড় মাটির ভেতরে অনেক দূর চলে গেছে।

**১২। ‘নিমগাছ’ গল্পে পাতাগুলো ছিড়ে কী করছে?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে পাতাগুলো ছিড়ে শিলে পিষছে।

**১৩। ‘নিমগাছ’ গল্পে নিমের কচি পাতাগুলো অনেকে খায় কেন?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে নিমের কচি পাতাগুলো অনেকে খায় কারণ তা যকৃতের পক্ষে ভারি উপকারী।

**১৪। ‘নিমগাছ’ গল্পে কে শিশু হাসপাতালে ভর্তি?**

উত্তর: ‘আকাশপরি’ গল্পে তপু শিশু হাসপাতালে ভর্তি।

**১৫। ‘নিমগাছ’ গল্পে হঠাৎ একদিন কে এলো?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে হঠাৎ একদিন একজন নতুন ধরনের লোক এলো।

**১৬। ‘নিমগাছ’ গল্পের ম্যাজিক বাক্যটি কী?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পের ম্যাজিক বাক্যটি হলো— ওদের বাড়ির গৃহকর্ম-নিপুণ লক্ষ্মীবউটার ঠিক এক দশা।

**১৭। বনফুল কত সালে জন্মগ্রহণ করেন?**

উত্তর: বনফুল ১৮৯৯ সালে জন্মগ্রহণ করেন।

**১৮। ‘নিমগাছ’ গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পটি ‘অদৃশ্যলোক’ গ্রন্থ থেকে সংকলিত।

**১৯। ‘নিমগাছ’ গল্পে কবিরাজরা কার প্রশংসায় পঞ্চমুখ?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে কবিরাজরা নিমগাছের প্রশংসায় পঞ্চমুখ।

**২০। ‘নিমগাছ’ গল্পে নিমগাছের কোন অংশ গরম তেলে ভাজা হয়?**

উত্তর: ‘নিমগাছ’ গল্পে নিমগাছের পাতা গরম তেলে ভাজা হয়।

## নিমগাছ গল্পের বহুনির্বাচনি প্রশ্ন (MCQ)

**১। ‘নিমগাছ’ গল্পে নতুন ধরনের লোকটি কে?**

(ক) লক্ষ্মী বউ

(খ) কবিরাজ

(গ) বিজ্ঞ ব্যক্তি

(ঘ) কবি

**উত্তরঃ (ঘ) কবি**

**২। ‘নিমগাছ’ গল্পে বিজ্ঞরা নিমগাছের কোনটির পক্ষে বলেন?**

(ক) হাওয়ার

(খ) কচি পাতার

(গ) নরম ছালের

(ঘ) শিকড়

**উত্তরঃ (খ) কচি পাতার**

**৩। ‘একটাক নক্ষত্র নেমে এসেছে যেন নীল আকাশ থেকে সবুজ সায়রে’— এখানে ‘নক্ষত্র’ বলতে বোঝানো হয়েছে—**

(ক) নিমগাছের কচি পাতাগুলোকে

(খ) নিমগাছের সুন্দর রূপকে

(গ) নিমগাছের কচি ডালগুলোকে

(ঘ) নিমগাছের ফুলের বাহারকে

**উত্তরঃ (ঘ) নিমগাছের ফুলের বাহারকে**

**৪। কারা নিমগাছের প্রশংসায় পঞ্চমুখ?**

(ক) কবিরা

(খ) কবিরাজরা

(গ) বিজ্ঞরা

(ঘ) পাড়ার লোকেরা

**উত্তরঃ (খ) কবিরাজরা**

**৫। 'নিমগাছ' গল্পে 'লক্ষ্মী বউটার ঠিক এক দশা'- কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?**

(ক) নারীর অবহেলা ও অনাদরের জীবন

(খ) নিমগাছের উপকারী দিক

(গ) নারীর রূপলাবণ্য ও গুণ

(ঘ) নিমগাছের প্রয়োজনীয়তার দিক

**উত্তরঃ (ক) নারীর অবহেলা ও অনাদরের জীবন**

**৬। নিমগাছের কোন অংশ যকৃতের জন্য উপকারী।**

(ক) ফুল

(খ) ডাল

(গ) পাতা

(ঘ) বাকল

**উত্তরঃ (গ) পাতা**

**৭। 'নিমগাছ' গল্পের মূলভাব কী?**

(ক) ভেষজ গুণ সত্ত্বেও নিমের যত্নহীনতা

(খ) অবদান সত্ত্বেও নারীর অবমূল্যায়ন

(গ) নিমের নান্দনিক সৌন্দর্য ও সহনশীলতা

(ঘ) নারীর আত্মত্যাগ ও মুক্তির আনন্দ

**উত্তরঃ (ঘ) নারীর আত্মত্যাগ ও মুক্তির আনন্দ**

**৮। নিমপাতা কোন রোগের মহৌষধ?**

(ক) চর্মের

(খ) পেটের

(গ) দাঁতের

(ঘ) যকৃতের

**উত্তরঃ (ক) চর্মের**

**৯। ‘নিমগাছ’ গল্পে নিমগাছটি কার প্রতীক?**

(ক) একজন সর্বংসহা নারী

(খ) একজন ব্যথিত নারী

(গ) একটি সাধারণ গাছ

(ঘ) একজন নির্যাতিত নারী

**উত্তরঃ (ক) একজন সর্বংসহা নারী**

**১০। নিমগাছটার ইচ্ছে করতে লাগল লোকটার সঙ্গে চলে যায়— এখানে লোকটি কে?**

(ক) কবিরাজ

(খ) লেখক

(গ) কবি

(ঘ) চিকিৎসক

**উত্তরঃ (গ) কবি**

**১১। নিমগাছের কোন অংশটি দাঁতের জন্য উপকারী?**

(ক) ডাল

(খ) পাতা

(গ) বাকল

(ঘ) ফুল

**উত্তরঃ (ক) ডাল**

**১২। নিমগাছের দিকে মুগ্ধ দৃষ্টিতে তাকিয়ে থাকা ব্যক্তিটি কোন প্রকৃতির?**

(ক) উপকারভোগী

(খ) তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন

(গ) ভাবুক প্রকৃতির

(ঘ) অনুসন্ধিৎসু

**উত্তরঃ (গ) ভাবুক প্রকৃতির**

**১৩। গৃহকর্ম-নিপুণা লক্ষ্মী বউটির ঠিক এক দশা।' 'নিমগাছ' গল্পে 'এক দশা' শব্দটি নিমগাছ ও লক্ষ্মী বউকে সমর্থন করে—**

(ক) জীবনধারায়

(খ) প্রশংসাপ্রাপ্তিতে

(গ) উপকারী মনোভাবে

(ঘ) নিরহংকারী চেতনায়

**উত্তরঃ (ক) জীবনধারায়**

**১৪। নিমগাছের কচি পাতাগুলো খেলে কী লাভ হয়।**

(ক) রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ে ও চুলকানি ভালো হয়

(খ) যকৃতের উপকার হয়

(গ) দাঁত ভালো থাকে

(ঘ) সবগুলো

**উত্তরঃ (খ) যকৃতের উপকার হয়**

**১৫। নিমগাছটার কার সাথে যেতে ইচ্ছে করল?**

(ক) কবিরাজের

(খ) লেখকের

(গ) লোকটার

(ঘ) বিজ্ঞের

**উত্তরঃ (গ) লোকটার**

**১৬। 'নিমগাছ' গল্পের শেষ বাক্য ম্যাজিক বাক্য কেন?**

(ক) উপকারিতায়

(খ) কবির প্রশংসায়

(গ) নামকরণের

(ঘ) উপলব্ধির চেতনায়

**উত্তরঃ (ঘ) উপলব্ধির চেতনায়**

**১৭। নিমগাছ সকলের কাছে প্রশংসিত হয়, কারণ—**

(ক) গাছটির ভেষজ গুণ

(খ) গাছটির সহজলভ্যতা

(গ) গাছটির ভোজ্যগুণ

(ঘ) গাছটির সৌন্দর্য

**উত্তরঃ (ক) গাছটির ভেষজ গুণ**

**১৮। কবি নিমগাছের প্রতি মুগ্ধ হয়ে কী করলেন?**

(ক) আগাছা পরিষ্কার শুরু করলেন

(খ) খানিকক্ষণ চেয়ে থেকে চলে গেলেন

(গ) আপনমনে খানিকক্ষণ বসে রইলেন

(ঘ) মৃদু বাতাসে নিজেকে তৃপ্ত করলেন

**উত্তরঃ (খ) খানিকক্ষণ চেয়ে থেকে চলে গেলেন**

**১৯। 'নিমগাছ' গল্পে নিমগাছ প্রতীকের সূত্রে বনফুল দেখিয়েছেন নারীর—**

(ক) মানবিক মর্যাদা

(খ) অপরিসীম আত্মত্যাগ

(গ) সাংসারিক মর্যাদা

(ঘ) সামাজিক গুরুত্ব

**উত্তরঃ (খ) অপরিসীম আত্মত্যাগ**

**২০। নিমগাছের ছাল-পাতা কোন রোগের অব্যর্থ মহৌষধ?**

(ক) খোস-দাঁদ

(খ) যকৃতের

(গ) দাঁতের

(ঘ) চর্মরোগের

**উত্তরঃ (ঘ) চর্মরোগের**

**২১। 'নিমগাছ' গল্পে বর্ণিত গৃহকর্ম-নিপুণা লক্ষ্মী বউটির মুখ্য গুণ কোনটি?**

(ক) সংযম

(খ) সেবা

(গ) ত্যাগ

(ঘ) উদারতা

**উত্তরঃ (গ) ত্যাগ**

**২২। বনফুলের গল্প আকারে ক্ষুদ্র হলেও কেমন?**

(ক) বক্তব্যে তাৎপর্যপূর্ণ

(খ) গুরুগম্ভীর

(গ) সরল

(ঘ) জটিল

**উত্তরঃ (ক) বক্তব্যে তাৎপর্যপূর্ণ**

Visit: sohagschool.com